ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩৩৫৫(আগরতলা ১৪।১০)</u>

আগরতলা, ১৪ অক্টোবর, ২০২৩

**<u>নিষ্কৃতি মৃত্যু আইন সম্মত হওয়া উচিৎ শীর্ষক বিতর্ক সভা</u>**

**বিতর্ক সভার বিষয়টি অত্যন্ত প্রাসঙ্গিক ঃ মুখ্যমন্ত্রী**

দিলীপ সরকার মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে আজ সন্ধ্যায় এক বিতর্ক সভার আয়োজন করা হয়। বিতর্ক সভার বিষয় ছিল 'নিষ্কৃতি মৃত্যু আইন সম্মত হওয়া উচিৎ'। রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত এই বিতর্ক সভার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। বিতর্ক সভার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, দিলীপ সরকার মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত বিতর্ক সভার বিষয়টি অত্যন্ত প্রাসঙ্গিক ও সময় উপযোগী। এই ধরণের বিতর্ক সভার আয়োজন অবশ্যই প্রশংসনীয়। মুখ্যমন্ত্রী বলেন, প্রয়াত এডভোকেট দিলীপ সরকার ছিলেন রাজ্যের একজন স্বনামধন্য আইনজীবী। দীর্ঘ ৪৯ বছর ধরে তিনি আইন পেশার সাথে যুক্ত ছিলেন। বিশেষ করে তিনি ক্রিমিনাল মামলার আইনজীবী হিসেবে সুপরিচিতি ছিলেন। তিনি পারদর্শিতার সাথে মামলা পরিচালনা করতেন। প্রয়াত আইনজীবী দিলীপ সরকার ছিলেন গৌহাটি উচ্চ আদালতের আগরতলা ব্রাঞ্চের প্রথম মনোনীত পাবলিক প্রসিউকিউটর। রাজ্য সরকার মনোনীত ত্রিপুরা হাইকোর্টের প্রথম বিশেষ পাবলিক প্রসিউকিউটার হিসেবেও তিনি দায়িত্ব পালন করেন।

বিতর্ক সভার উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বরিষ্ঠ সাংবাদিক শেখর দত্ত, বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ ডা. কুনাল সরকার, রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারম্যান এস সি দাস। বিতর্ক সভায় বিভিন্ন পেশার ৮ জন বক্তা বিষয়ের পক্ষে ও বিপক্ষে মতামত ব্যক্ত করেন। বিতর্ক সভাটি পরিচালনা করেন ডা. কুনাল সরকার।

*******